গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আজিজুল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক |
| তারিখ ও সময় | : | ১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি:, সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকরণ হলে প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ কার্যক্রমের সূচক ১.২.১ এর অর্জন নিশ্চিত হবে।

০২। অত:পর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ কার্যক্রমের আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি তদাররিক মাধ্যমে হালনাগাদ নিশ্চিকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বিভাগীয় কার্যালয়সমূহ এবং তার আওতাধীন জেলা ও মেট্রো: কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৩। সভাপতির অনুমতিক্রমে অধিদপ্তরের প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, মাকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ৫.১.২ এ ত্রৈমাসিক ভিত্তিতে 'আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ' এর লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বিভাগীয় কার্যালয়সমূহ এবং তার আওতাধীন জেলা ও মেট্রো: কার্যালয়সমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ করা প্রয়োজন।

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪.১ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসারে সকল বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের স্কিনসট প্রমাণক হিসেবে আগামী ২১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল) |
| ৪.২ | সকল বিভাগীয় কার্যালয়সমূহের তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং নির্ধারিত ফরমেটে প্রতি ত্রৈমাসিকে প্রতিবেদন প্রেরণ করতে হবে। ২০২৩-২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের প্রতিবেদন আগামী ২১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ৪.৩ | বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ তার আওতাধীন জেলা ও মেট্রো: কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এবং তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণের লক্ষ্যে আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে জুম অনলাইন প্লাটফর্মে সভা করে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন এবং প্রমাণক ও বাস্তবায়ন অগ্রগতি আগামী ২১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সমন্বয় করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। | অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল) এবং উপপরিচালক/ সহকারী পরিচালক (সকল), জেলা কার্যালয়/মেট্রো: কার্যালয়। |

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক।

নথি নং- ৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-৩১৫৩

তারিখ : ৩০ ভাদ্র, ১৪৩০ / ১৪ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ)]।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (....................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো:কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...............................।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক (..........................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন...............................।
৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)